

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
মাদরাসা শিক্ষা অধিদপ্তর  
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার,লেভেল-০৩  
৩৭/৩/এ,ইস্কাটন গার্ডেন রোড,রমনা,ঢাকা-১০০০  
[www.dme.gov.bd](http://www.dme.gov.bd)

স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৪.০২.০৬১.১৭- ১৯

তারিখঃ ৩১.০১.২০১৮ খ্রিঃ

বিষয়ঃ এমপিও ভুক্ত বেসরকারি মাদরাসা শিক্ষা প্রতিষ্ঠানে নিয়োগপ্রাপ্ত ও কর্মরত সহকারী শিক্ষক (কম্পিউটার ও তথ্য যোগাযোগ) এবং সহকারী শিক্ষক(বিজ্ঞান)/প্রভাষক (আলিম স্তরের বিজ্ঞান) বিষয়ের শিক্ষকদের তথ্য প্রদান প্রসঙ্গে।

সূত্রঃ (১) মাদরাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০৪.০২.০৬১.১৭.১৪০, তারিখঃ ১১.১২.২০১৭ খ্রিঃ।

(২) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের মাদ্রাসা শাখা-২ এর স্মারক নং-৫৭.০০.০০০০.০৮৫.৫২.০২.২০১৭-৫৭, তারিখঃ ২৫.০১.২০১৮ খ্রিঃ।

(৩) মাদরাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০৪.০২.০৬১.১৭/১, তারিখঃ ৩০.০১.২০১৮ খ্রিঃ।

(৪) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের উপসচিব (মাদরাসা) এর সাথে টেলিফোনিক আলোচনা, তারিখঃ ৩১.০১.২০১৮ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, এমপিও ভুক্ত বেসরকারি মাদরাসা শিক্ষা প্রতিষ্ঠানে নিয়োগপ্রাপ্ত ও কর্মরত সহকারী শিক্ষক (কম্পিউটার ও তথ্য যোগাযোগ) এবং সহকারী শিক্ষক(বিজ্ঞান)/প্রভাষক (আলিম স্তরের বিজ্ঞান) বিষয়ের শিক্ষকদের তথ্য সূত্রে বর্ণিত (১) নং স্মারকের মাধ্যমে সকল জেলা শিক্ষা অফিস থেকে হালনাগাদ তথ্য প্রেরণের অনুরোধ করে পত্র প্রেরণ করা হয়।

০২. ইতিপূর্বে জেলা শিক্ষা অফিস থেকে এ সংক্রান্ত প্রাপ্ত তথ্যগুলো যাচাই বাছাই করে বেশ কিছু অসামঞ্জস্য পরিলক্ষিত হয় বিধায় সংশ্লিষ্ট শিক্ষকদের এমপিও ভুক্ত করণের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা সম্ভব হচ্ছে না। ফলে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ থেকে সূত্রে বর্ণিত (২) নং স্মারকের মাধ্যমে নিম্ন বর্ণিত ছক অনুযায়ী পূরণীয় তথ্য চাওয়া হয়েছে। অধিকন্তু অনেক জেলার বিভিন্ন মাদরাসায় কর্মরত তথ্য ও যোগাযোগ এবং বিজ্ঞান বিষয়ের নন-এমপিও শিক্ষকদের বিষয়ে কোন তথ্য পাওয়া যায় নি।

০৩. এমতাবস্থায় সংযুক্ত ছক অনুযায়ী প্রমাণক (এনটিআরসিএ এর সনদ, নিয়োগপত্র, যোগদানপত্র, নিয়োগ অনুমোদনের রেজুলেশন) সহ তথ্য আগামী ০৭.০২.২০১৮ খ্রিঃ তারিখের মধ্যে (nikosh/Unicode) বাংলা ফন্ট-এ সফট এবং হার্ড কপি ই-মেইল যোগে [dgdmeb@gmail.com](mailto:dgdmeb@gmail.com) এবং CC কপি [directoraf.dme@gmail.com](mailto:directoraf.dme@gmail.com) এবং [ddfinancedme@gmail.com](mailto:ddfinancedme@gmail.com) ঠিকানায় জরুরী ভিত্তিতে প্রেরণের জন্য মহোদয়কে অনুরোধ করা হলো। বিষয়টি অতিব জরুরী

গত ১৩.১১.২০১১ খ্রিঃ তারিখের পর এমপিও ভুক্ত মাদ্রাসার তথ্য ও যোগাযোগ প্রযুক্তি এবং বিজ্ঞান বিষয়ের সহকারী শিক্ষক/প্রভাষক(আলিম স্তর) পদে নিয়োগকৃত এমপিও বিহীন শিক্ষকের তালিকা ছকঃ

ক্রমিক নং	অঞ্চল	উপজেলা ও জেলা	মাদ্রাসার নাম, এমপিও কোড ও কোড অনুযায়ী ধরণ	নিয়োগকৃত শিক্ষকের নাম	এনটিআরসিএ কর্তৃক নিবন্ধিত কিনা?	এনটিআরসিএ কর্তৃক নিয়োগকৃত কিনা?	নিয়োগ ও যোগদান এর তারিখ	প্রচলিত বিধি বিধান অনুযায়ী নিয়োগ যথাযথ কিনা?	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০

মন্ত্রণালয়ের নির্দেশনা: (অন্যান্য শর্তাদি প্রতিপালন সাপেক্ষে এনটিআরসিএ কর্তৃক নিবন্ধিত হলে ২১.১০.১৫ খ্রিঃ তারিখের মধ্যে মাদ্রাসা ম্যানেজিং কমিটি/গভর্নিং বডি কর্তৃক নিয়োগ প্রাপ্তগণ এবং ২২.১০.২০১৫ খ্রিঃ তারিখ হতে এনটিআরসিএ কর্তৃক নিয়োগ প্রাপ্তগণ এমপিও প্রাপ্তির জন্য বৈধ হবেন। তবে ২১.১১.২০১৫ খ্রিঃ তারিখের মধ্যে বিজ্ঞপ্তি প্রকাশিত থাকলে ৩১.১২.২০১৬ খ্রিঃ তারিখ পর্যন্ত নিয়োগ প্রাপ্তগণও এমপিওভুক্তির জন্য বৈধ হবেন।)

  
31.01.18

(মোহাম্মদ শামসুজ্জামান)  
সদস্য সচিব, যাচাই-বাছাই কমিটি

ও

উপ-পরিচালক (অর্থ)

মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা

ফোন: ৪১০৩০১৬৪

ই-মেইল: [ddfinancedme@gmail.com](mailto:ddfinancedme@gmail.com)

জেলা শিক্ষা কর্মকর্তা (সকল)

অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে):

০১. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহণ পুল ভবন (৯ম তলা), ঢাকা।

০২. মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল) (তার উপজেলার সকল মাদরাসাসকে বিষয়টি অবহিত করা এবং নির্দিষ্ট তারিখের মধ্যে তথ্য প্রেরণ বিষয়টি নিশ্চিত করার অনুরোধসহ)

০৩. অধ্যক্ষ/সুপার, .....মাদরাসা। (সকল)

০৪. অফিস কপি।